REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিনামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীবিজয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তা দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।


২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১লা কার্ত্তিক বুধবার ১৩৪৬ ইংরাজী 18th October 1939 | ২২শ সংখ্যা


এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।



বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

নূতন বীমা
(১৯৩৭-৩৮)
৩ কোটি টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে
মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চলতি বীমা | ... | ১৪ কোটি | ৬০ | লক্ষের | উপর |
| বীমা তহবিল | ... | ২ ,, | ৬৭ | লক্ষের | ,, |
| মোট সংস্থান | ... | ২ ,, | ৯৭ | ,, | ,, |
| প্রিমিয়াম আয় | ... | ... | ... ৬৯ | ,, | ,, |
| দাবী শোধ | ... | ১ কোটি | ৬০ | ,, | ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা
ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।
সাব অফিস :—কৃষ্ণনগর, নদীয়া।



## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



ব্রজশশী

## আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।

(স্থাপিত—সন ১৩৩২ সাল)

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—

**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১লা কার্ত্তিক বুধবার সন ১৩৪৬ সাল

### অবকাশ গ্রহণ

৺শারদীয়া মহাপূজা উপলক্ষে "জঙ্গিপুর সংবাদ" পত্রিকা এক সপ্তাহ বন্ধ থাকিবে। অবকাশান্তে পত্রিকা পুনরায় কর্ম্মক্ষেত্রে অবতীর্ণ হইবে।

---

## আগমনী



আজ বাংলায় শারদোৎসব। শরৎরাণী তাঁর সমস্ত রূপসম্ভার নিয়ে আজ দাঁড়িয়েছেন বাংলার পর্ণকুটীর থেকে রাজ প্রাসাদের দ্বারে। কক্ষে তার মঙ্গলঘট, চক্ষে করুণার স্নিগ্ধ কিরণ-সম্পাত, বক্ষে অফুরন্ত স্নেহ। বাংলার ঘরে ঘরে নূতন জীবনের সঞ্চার ক'রতে, নূতন শক্তি ও প্রেরণায় মৃত জাতিকে সঞ্জীবিত ক'রতে, তাঁর সমস্ত ঐশ্বর্য্য নিয়ে এসে দাঁড়িয়েছেন আমাদের কাছে। আজ আবার ঘরে ঘরে নূতন আনন্দের সাড়া প'ড়ে গেছে। আজ মা এসেছেন! আবালবৃদ্ধবনিতা আজ আবার মাকে পেয়ে ধন্য হয়েছে। তাই সকলের প্রাণের অন্তর্নিগূঢ় রন্ধ্রে আজ শৈশবের স্পন্দন দেখা দিয়েছ। আজ আর কেউ বৃদ্ধ নেই। আজ সকলেই শিশু। মার কাছে সন্তান যে শিশু চিরদিন।

হাজার হাজার বর্ষ ধরে মা আসছেন—হাজার হাজার বর্ষ ধরে মা আমাদের মৃতদেহে নূতন প্রাণ সঞ্চার করে আমাদের মৃত্যুর দ্বার থেকে দূরে সরিয়ে রেখেছেন। তাই সমস্ত সংঘর্ষ ও ঘাত-সংঘাতের মধ্য দিয়ে আমরা আজও বেঁচে আছি—আর্য্য সভ্যতার প্রতীক—বৈদিক ঋষির বংশধর, জ্ঞানবৃদ্ধ এক স্থবির জাতির ধ্বংসাবশেষ।

মনে পড়ে কোন দূর অতীতের এমনই এক শারদ প্রাতে সমুদ্র-বেলাভূমে বেজে উঠেছিল আগমনীর জয়বাদ্য, কোটী কোটী বীরের হৃদয়ে বিপুল পুলক, শক্তি ও সাহসের সঞ্চার করে, কর্ব্বুরকুলের হৃদয়ে আতঙ্ক ও ভীতির সঞ্চার করে—অশোক কাননের কোন এক নিরালায় এক প্রপীড়িতা নারীর হৃদয়ের নিভৃত কোণে সঞ্চার করে আশার ক্ষীণ স্তিমিত আলোক! বহুযুগ ধরে মা আসছেন, বহুযুগ ধরে প্রতি ঘরে গীত হচ্ছে আগমনীর গান। পুত্রশোকাতুরা পর্ব্বতরাজ পত্নী মেনকার প্রাণে নূতন আশা নূতন কামনার সঞ্চার করে—তাঁর মাতৃহৃদয়ে অপত্য-স্নেহের ভোগবতীর "ঢল" নামিয়ে—পর্ব্বতপুরীতে আগমন কচ্ছেন কৈলাসেশ্বরী সিংহবাহিনী—মাত্র তিন দিনের জন্য। সঙ্গে আসবেন কার্ত্তিক ও গণেশ, সঙ্গে আসবেন লক্ষ্মী ও সরস্বতী, আসবেন আদরিণী পুত্রবধূ, আরো আসবেন তেত্রিশ কোটী দেবতা। মাত্র তিন দিনের জন্য। কিন্তু এই তিন দিনের জন্য সমস্ত জগৎ উৎফুল্ল বিস্ফারিত নয়নে চেয়ে দেখবে মাতার পরিপূর্ণ মূর্ত্তি। বিদূরিত হবে তাদের যত রোগ ও শোক, নিঃশেষ হবে তাদের যত তাপ ও গ্লানি, পবিত্র হবে তাদের দেহ মন, পূর্ণ হবে তাদের কামনা, পরিপূর্ণ হবে তাদের আনন্দ।

বাংলার ঘরে ঘরে আজ পর্ব্বতরাজ-পত্নী মেনকা। ঘরে ঘরে উৎফুল্ল নয়নে চেয়ে আছেন সুদূর কৈলাসের পথে হস্তে শঙ্খ, পুষ্পমাল্য ও আরত্রিকের মাঙ্গল্য দ্রব্য নিয়ে দাঁড়িয়ে আছেন যত পুরনারী—আশার পথ চেয়ে দূর কৈলাসের দিকে। কতদিন—আজ কতদিন পরে আসছেন তাঁদের ঘরে কত আদরের আনন্দময়ী উমা।

দূরে সিংহের গম্ভীর গর্জ্জন। আনন্দের ঝড় বয়ে গেল সকলের প্রাণে—ঐ এল আমাদের উমা! বাজারে শঙ্খ, দেরে হুলুধ্বনি—যত পুরনারী। কৈলাসের রাণী গিরিপুরে ফিরে এল—আজ কতদিন পরে। আয় মা আয়—তোর সেই পুরাতন গৃহে—যেখানে গৌরী-মূর্ত্তিতে শিবারাধনা ব্রতের উদ্‌যাপন করে আজ তুই মহাদেবী! এস ত্রিলোচন ভূতভাবন পশুপতি—তমসাবৃত পৃথিবীর সমস্ত গ্লানি দূর করে আমাদের অমর কর্ত্তে। এস গণপতি—সর্ব্বসিদ্ধিদাতা বিনায়ক। এস সুকল্যাণী! স্বামীর সহবর্ত্তিনী হয়ে আমাদের গৃহে অধিষ্ঠিতা হও। তোমার প্রভাবে অজ্ঞান-তম নাশ হোক কলাবতী। এস চিরসুন্দর শিখিবাহন, এস শক্তিধর—মহাশক্তির শক্তিলীলার একত্র সমাবেশ! আমাদের মৃতদেহে নবশক্তির সঞ্চার কর। এস বিদ্যাদায়িনী, এস ঐশ্বর্য্যময়ী, এস সব দেবতামণ্ডলী, আজ আমাদের গৃহ তোমাদের আগমনে পরিপূর্ণ। দূরে যাক্ রোগ ও শোক, তাপ ও গ্লানি—যত অন্তর্নিগূঢ় মর্ম্ম জ্বালা, নিঃশেষ হোক পাপ, মোহ, তম, দূরে যাক মৃত্যু ও দারিদ্র্য—জাগ্রত হোক, সঞ্জীবিত হোক এই জাতি—হোক তাদের ঐশ্বর্য্য ও জ্ঞানের সুষমায় ঐশ্বর্য্যময়ী নবগুণ-ভূষিতা এই বিপুলা পৃথ্বী।

---

## আগমনী

এসেছে জননী বছরের পরে আবার মোদের ঘরে,
দেখ্‌রে তাহার আগমনে আজ শেফালি আবেশে ঝরে!
কুসুম ফুটেছে লতায় লতায়
গন্ধে তাহার অলিকুল ধায়
পূর্ণ সলিলা নদী ব'য়ে যায় ধরি' সুমধুর তান
আকাশে বাতাসে উঠিছে ভাসিয়া মা'র আগমনী গান।

স্নিগ্ধ-আলোয় হাসিছে ধরণী মেঘ-দল গেছে টুটে
দুই একখানি আছে যাহা তাও পলাইছে ছুটে ছুটে;
ভাই বোন্ আজি কে আছো কোথায়
আয় তোরা সবে মা'র জয় গাই;
পতিত দলিত নহে কেহ আজ, সকলে মায়ের ছেলে,
সকলেই আজ পূজিব মায়েরে ব্যথার অশ্রু-জলে।

গ্রীষ্ম বরষা গেছে একে একে মায়ের নামটী স্মরি,
সহিয়াছি সব শত হাহাকার রোধেছি নয়ন-বারি;
এতদিনে যদি এলোরে পাষাণী
প্রকৃতির মুখে হাসিরাশি আনি
নে তবে যাচিয়া সকলে মিলিয়া মায়ের চরণ ধূলি—
ভাই ভাই সবে বিভেদ ভুলিয়া কর আজি গলাগলি।

আজিকার দিনে মিলন-প্লাবনে দশদিক্ যাক্ ভাসি,
আনন্দ উৎসবে সবাকার হৃদে বাজুক মিলন-বাঁশী;
এই শুভক্ষণে অস্পৃশ্যে ব্রাহ্মণে
হউক মিলন হিন্দু-মুসলমানে
মিলন—মিলন শুধুই মিলন হোক আজি দৃঢ় পণ!
বিশ্ব জগৎ দেখুক চাহিয়া একতার বন্ধন!!

কালিদাস শীল, পাইকর।

---

## আবাহন

আয় মা, রণদামামা বাজায়ে, ত্রিদিব ছাড়িয়া আয় মা,
ত্রাস্ত ও ভীত সন্তান যত, তোরে রণভূমে চায় মা।
যুগে যুগে তুমি এসেছ যেমন
ভক্তের ডাকে ধরি' প্রহরণ,
অসুরের বল নাশিতে এস মা—সন্তান জয় গায় মা,
জগত হইতে তুলে দিতে এস—আশাহত "হায়, হায়" মা।
আন মা শান্তি, পুষ্টি, কান্তি—অন্নপূর্ণা নাম মা তোর,
ধান্যের সাথে আন মা ধন, বাঁধ মা লক্ষ্মী সকল দোর;
মূক এ কণ্ঠে দাও মা ভাষা—না যদি দাও অভয় বাণী,
তবে কেন মা, আসিবে সাথে, তোমার সাধের ও বীণাপাণি
গণেশের মত চাই মা লিখন,
ষড়ানন সম শিখাবে কি রণ?
আমরা ত সেই সন্তান তব, রণ কি শিখাতে নাই মা?
দহিব না কারে, রক্ষিব শুধু;—জগত যুদ্ধে আয় মা!

শ্রীপার্ব্বতীচরণ রায় বি, এ,।

---

## আবাহন

এস মা আনন্দময়ী! এস, মা; প্রসন্ন চিতে
নিরানন্দ প্রাণে শক্তি, উৎসাহ, আনন্দ দিতে।
তা যদি না দিবে শিবে! কি ফল মাটী শিলা পূজে,
থাকিস্ না মা ত্রিনয়না তিনটি চোখই সদা বুজে।
জাগো মা দারিদ্র্য দুঃখ হারিণী তারিণী উমে!
কুলকুণ্ডলিনী রূপে কত আর মা র'বে ঘুমে।
মূলাধারে থাক তুমি সার্দ্ধ ত্রিবলয়াকারে
নিজে না জাগিলে মা তুই, কে তোরে জাগাতে পারে?
ডাকৃতে তোরে জানিনা তাই, জাগাতে পারিনা তোরে
জাগার মত শক্তি দেমা, ভক্তি দেমা মহাঘোরে।
সুরথ রাঘব তোরে পূজে হয়েছিল শত্রুজয়ী
সেই শক্তি দেমা দুর্গে সুবরদে ব্রহ্মময়ী।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়।

---

## কবি

( শ্রীভুবনমোহন মিত্র )

প্রকৃতি মায়ের দুরন্ত দুলাল
বেড়াই হইয়া ক্ষিপ্ত,
বাসনা অনলে দহিয়া দহিয়া
হয়েছি উজ্জল দীপ্ত।

রূপের পূজারী চাই নব নব
লইতে পূজার ফুল,
তাই ধরে এই হৃদয় বৃন্তে
প্রেমের নব মুকুল।

উদ্দাম বেশে যাই কোথা ভেসে—
যাই কোথা কোন্ সুদূরে,
আকাশে বাতাসে কে যে ডাকে হায়—
কিসের ও করুণ সুরে।

কল্পনাতে করি স্বর্গ রচনা
হৃদয়েতে গড়ি মানসী—
রঙিন পেয়ালা ধরে তার মুখে
ডেকে বলে—মোর প্রেয়সি।

হৃদয়েতে শুধু সবুজ বিরাজে
সবুজেতে করি বিচরণ
সবুজের গান গাহিয়া গাহিয়া
সবুজের করি আবাহন।

চাঁদের আলোর চকোর হইয়া
চাঁদের সুধা করি পান
বাদল মেঘের চাতক হইয়া—
গাহি বাদলের গান।

আমাদের মোরা পারিনা ধরিতে
ছুটে যেতে চাই অসীমে,
কিছুতে যে হায় পারিনা বাঁধিতে
এই নিখিলের সসীমে।

কাব্য লোকেতে বেড়াই গাহিয়া
তাই কহে মোদের কবি,
গান হলে শেষ এ ধরার বুকে
মরণ শয়ন লভি।

## গান

শেফালি মিত্র

নিতি নিতি আমি গাঁথি যে মালা
সাজায়ে রেখেছি ফুলের ডালা
ভিজায়ে রেখেছি ফুল দলে
দিয়ে আমার এ আঁখি জলে
হিয়ায় আছে মোর
প্রদীপ জ্বালা।

জীবন প্রভাত পোহায়ে এল,
ফুল দল বুঝি শুকিয়ে গেল।
সুদূরের গান বাজিল কানে
পুরবীর সুর হিয়ায় হানে,
বুঝিবা এল মোর
বিদায় পালা।

## শরতে

গৌরগোপাল বিদ্যাবিনোদ

শিউলী ফুলের মিষ্ট সুবাস
ছড়ায়ে মৃদুল প্রভাত-বায়
এসেছে মরতে শরতের রাণী,—
শ্যাম নিচোলের আঁচর গায়!
নবীনের সাড়া আগমনে তার
দিকে দিকে গেছে পড়িয়া ধরার
হাসিছে বিকচ কুসুমের ভার
বনে-উপবনে তরুলতায়!

সবুজ সোনালী ধান্যে আজিকে
কমলার স্নেহ উথলি উঠে,
লুটাতে কাহার চরণ কমলে
সরসীর বুকে কমল ফুটে!
গাহিতেছে গান পুলকে নাচিয়া
শ্যামা ও কোয়েল, দোয়েল পাপিয়া
রূপ ও রসের প্রবাহ ছুটিছে—
যেন ধরণীর বক্ষপুটে!

ভরা তটিনীর বুকে নাহি বান,—
কলকল নাদে নিয়ত গায়;
আকাশেতে নাই কালিমার লেশ,—
মাধুরী খেলিছে নীলের গায়।
উদয়-রবির হিরণ-কিরণে
প্রকৃতি হাসিছে মধুর বরণে
জানি সে-কার আহ্বানে আজ
চিত্ত ভরিছে আকুলতায়।

## এস মা

শ্রীধ্যানেন্দ্রনাথ মুখোপাধ্যায়

শরত-উষার অরুণ-আলোয়, মাগো তোমায় স্মরণ করি।
জগৎ-জননী শক্তি-রূপিনি, এস মা তুমি মহেশ্বরী।
আজিগো তোমার আগমনী শুনে, ভাঙ্গা বীণা যায় জুড়ি।
প্রসারি-পুচ্ছ নাচিতেছে শিখী, শরতের মেঘে শারদা-স্মরি।

হিয়ার মাঝে মধুর স্বরে, আজো কি তান ছাড়ি,
সকল দুঃখ সকল কষ্ট, ভুলি—হর-পার্ব্বতি হেরি।
কর্ম্ম-ক্ষেত্র দাও মা দেখায়ে, অন্ধ আজিও নর নারী
শরতের মাঝে আসিছ শারদা, ধরণী ধন্য পুণ্য করি।

## মহাপ্রয়াণে কালীচরণ

গত ২৭শে আশ্বিন শনিবার রাত্রি ৮-১৫ ঘটিকার সময় জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ও অন্যতম জমিদার বাবু কালীচরণ সিংহ মহাশয় ইহধাম ত্যাগ করিয়াছেন। মাত্র কয়েক দিন পূর্ব্বে তিনি সন্ন্যাস রোগে আক্রান্ত হন। এত অল্প সময়ের মধ্যে তাঁহার লোকান্তর ঘটিবে তাহা কেহই ভাবিতে পারেন নাই। আজ জঙ্গিপুরের বড়ই দুর্ভাগ্য—যে কয়টা মহামানব এই জঙ্গিপুরে জন্মেছিলেন একে একে তাঁহাদের সবগুলিই অন্তর্হিত হইল। তাঁহার ন্যায় স্থির, ধীর, মিষ্টভাষী, সদালাপী, কর্ম্মী জঙ্গিপুরে আর নাই বলিলেও অত্যুক্তি হয় না। তিনি একাদিক্রমে প্রায় ২০ বৎসর ধরিয়া জঙ্গিপুর হাই স্কুলের সেক্রেটারীর কার্য্য সুনামের সহিত করিয়াছেন। স্কুলের বার্ষিক পারিতোষিক বিতরণী উৎসব উপলক্ষে প্রতি বৎসর স্কুলের ছাত্রগণকে জলযোগ করাইতেন। সম্রাট পঞ্চম জর্জ্জের রজত জুবিলী উৎসব উপলক্ষে ও গত "কচুরী পানা সপ্তাহে" তিনি স্কুলের ছাত্রগণ ও শিক্ষকগণের জলযোগের ব্যবস্থা করিয়াছিলেন। তিনি ছাত্রদের দরদী বন্ধু ছিলেন। তিনি কি উপায়ে স্কুলের উন্নতি করিবেন তাহাই চিন্তা করিতেন। তিনি জঙ্গিপুরের বিবিধ জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। তাঁহার স্থান পূরণ হইবার নহে। মৃত্যুকালে তাঁহার বয়স ৫৬ বৎসর হইয়াছিল। তিনি ৩ কন্যা, ২ জামাতা, বিধবা স্ত্রী, কতকগুলি দৌহিত্র দৌহিত্রী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোক-সন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

## দ্বিজপদ মেমোরিয়াল শীল্ডের ফাইনাল খেলা

গত ১৩ই অক্টোবর শুক্রবার স্থানীয় হাই স্কুল ময়দানে মুর্শিদাবাদের জনপ্রিয় জেলা ম্যাজিষ্ট্রেট রায় বাহাদুর জে, পি, রায় এম-এ, মহোদয়ের উপস্থিতিতে "দ্বিজপদ মেমোরিয়াল শীল্ডের" ফাইনাল খেলা হইয়া গিয়াছে। সাহেবগঞ্জ টি, এ, সি, বনাম কালীগঞ্জ কে, ওয়াই, এ, দলের খেলা ছিল। সাহেবগঞ্জ দল ২—০ গোলে জয়লাভ করিয়াছে। ম্যাজিষ্ট্রেট বাহাদুর বিজয়ী দলকে স্বহস্তে শীল্ড, ও ১১টা রৌপ্য পদক প্রদান করিয়াছেন। বিজিত দলও একটা কাপ ও ১১টা রৌপ্য পদক পাইয়াছে। খেলার মাঠে স্থানীয় মহকুমা ম্যাজিষ্ট্রেট, সাব-ডেপুটী ম্যাজিষ্ট্রেট, সার্কেল অফিসার প্রভৃতি রাজ কর্ম্মচারিগণ ও সহরের গণ্যমান্য ভদ্রলোকগণ উপস্থিত ছিলেন। খেলা আরম্ভ হইবার পূর্ব্ব হইতেই মাঠের চতুর্দ্দিকে বহু লোকের সমাগম হইয়াছিল।

## রঙ্গ-কণা

স্বামী—"দেখ, এবার যে চাকরটাকে রাখা হয়েছে সেটা তত সুবিধার নয়; আমার সিল্কের জামাটাকে সে চুরি করেছে। ও রকম অসৎ লোকটাকে রাখা ঠিক নয়।"

স্ত্রী—"ঠিকই ত! তোমার কোন্ জামাটা সে চুরি করেছে!"

স্বামী—"সেই যে গো—সেই জামাটা,—যেটা সেদিন আমি দোকান থেকে চুরি করে এনেছিলুম।"

* * *

শ্রীপদ—তুমি যে দিন দিন কুপোর মত মোটা হচ্ছ—বন্ধু!

স্থূলকায়—কিন্তু তোমার ভিৎ পত্তন যা দেখছি—সেই মত ইমারত উঠলে তোমার কাছে আমি কোথায় তলিয়ে যাব!


## শিক্ষক মহাশয়গণের নিকট নিবেদন

আমরা ইংরাজী ও বাংলা ভাষায় উৎকৃষ্ট কাগজে স্কুলের প্রয়োজনীয় সকল প্রকার হাজিরা বহি, ভর্ত্তি বহি ট্রান্সফার সার্টিফিকেট, বেতন আদায়ের রসিদ বহি প্রভৃতি মজুত রাখিয়াছি। দরকার হইলে আমাদের নিকট হইতে লইবেন। খাতাগুলি ভালভাবে বাইণ্ডিং করা।

বাংলা ভাষায় (প্রাইমারী স্কুলের জন্য)

| | |
|---|---|
| হাজিরা বহি (২০ পাতার) | ।/০ |
| " ৪০ " | ।√০ |
| ভর্ত্তি বহি ... ... | ।৵০ |
| ট্রান্সফার সার্টিফিকেট (২০ পাতার) | ।/০ |
| রসিদ বহি (১০০ পাতার) | ।০ |

For M. E. & H. E. SCHOOLS.

| | |
|---|---|
| Students' Attendance Register with Fee realisation (25 pages) | -/10/- |
| Teachers' Attedance (25 pages) | -/10/- |
| First Admission Form (100 sheets) | 1/4/- |
| Transfer Certificate (100 sheets) (Triplicate.) | 2/8/- |
| Receipt Book (for fee collection) (100 pages in each Book) | -/4/- |
| Letter Heading ½ Foolscap size 100 ... ... | -/10/- |
| Do. ¼ Foolscap 100 | -/8/- |

### পিওন-বুক

ইউনিয়ন বোর্ড, ঋণ-সালিশী বোর্ড ও অন্যান্য অফিসের জন্য পিওন-বুক রাখা হইয়াছে। সুদৃশ্য চামড়ার দ্বারা বাঁধা ৫০ পাতার বহির মূল্য ।৵০ ও ১০০ পাতার বহির মূল্য ।৵০ আনা।

ফরম সাপ্লাইং এজেন্সী
পণ্ডিত প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সস্তায় রবার ষ্ট্যাম্প

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা দুই আনা।

শ্রীযুক্ত পার্ব্বতীচরণ রায় বি-এ প্রণীত

## কবির স্বপ্ন-সুষমা
### ছন্দে ও গানে

অভিনব ধারাবাহিক মনোমুগ্ধকর প্রেমকাব্য। তুলট কাগজে ঝকঝকে ছাপা। সুরঙীন প্রচ্ছদপট। উপহার ও উপভোগে অনুপম। মূল্য পাঁচ সিকা।

প্রকাশক ও প্রাপ্তিস্থান:—
ডি, এম, লাইব্রেরী
৪২ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীভুজঙ্গভূষণ কুণ্ডু, খাগড়া। | বয়েজ লাইব্রেরী, জঙ্গিপুর।

# তারা বার্লী

## আমাদের বিশেষত্ব ==




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

**টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ**
**তারা ভিটামিন্‌ড ফ্যাক্টরী**
পোঃ বাগবাজার কলিকাতা

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কার্ব্বঙ্কল, ঠুনুকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲ মাশুল সমেত ১।৵০। ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন :—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি **মরা মানুষ বাঁচাইতে** পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। … যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।/০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।/০

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারান্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র।
উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৴০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)




**শুভ-উদ্বোধন**—সহৃদয় গ্রাহকবর্গের শুভেচ্ছায় ও সুবিধার্থে বর্ত্তমান জবাকুসুম কার্য্যালয় শীঘ্রই চিত্তরঞ্জন এভিনিউস্থ নবনির্ম্মিত সুরম্যসৌধ "জবাকুসুম হাউসে" স্থাপিত হইবে। **সি, কে, সেন এণ্ড কোং লিঃ**
কলিকাতা

# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

## শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক



ব্রাঞ্চ :—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনশুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট (ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) * লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।